গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

## বর্তমান সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়ন শীর্ষক পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০৩/০১/২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর: ১:০০ ঘটিকা
সভার স্থান : কক্ষ নং-৩০৯, ৪র্থ তলা, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
সভাপতি : জনাব মোঃ জিল্লার রহমান, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের তালিকা পরিশিষ্ট "ক"

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বর্তমানে নবগঠিত সরকারের অঙ্গীকারসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান ।

২.১ সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান যে, বর্তমান সরকার তাদের নির্বাচনী প্রতিশ্রুতি বা অঙ্গীকারসমুহকে ১২ টি আলাদা শিরোনামে প্রকাশ করেছে । তন্মধ্যে 'উন্নত অর্থনীতি' এবং 'সমৃদ্ধির অগ্রযাত্রায় সবাই' শিরোনামে উল্লেখিত সামাজিক নিরাপত্তা, প্রতিবন্ধী ব্যাক্তিদের সামাজিক নিরাপত্তা ও মর্যাদা, প্রবীণদের সামাজিক মর্যাদা , পথশিশুদের পুনর্বাসন সহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে যা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত । উল্লিখিত ক্ষেত্রসমূহে এ মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের সুযোগ রয়েছে মর্মে তিনি মত প্রকাশ করেন।

৩.০ অতঃপর উন্মুক্ত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

| ক্রম | আলোচ্য বিষয়-সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত বর্তমান সরকারের প্রতিশ্রুতি/ অঙ্গীকার সমূহ | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | "বর্তমানে সামাজিক সুরক্ষার আওতায় ৪ কোটি ৯২ লক্ষ লোক বিভিন্ন প্রকার আর্থিক সহযোগিতা পাচ্ছে; আগামী ৫ বছরে এই খাতে বরাদ্দ দ্বিগুণ করা হবে ।" " বৈষম্য দূরীকরণে গৃহীত পরিকল্পনা ও কর্মসূচির পরিধি অর্থ বরাদ্দ বৃদ্ধি করে জোরদার করা হবে ।" "সামাজিক 'নিরাপত্তা-বেষ্টনি কার্যক্রমে' প্রবীণদের অন্তর্ভূক্তির বর্তমান সংখ্যা ও সহায়তার পরিমাণ সম্প্রসারণে বাস্তবতার আলোকে পদক্ষেপ নেয়া হবে ।" | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় প্রবীণ ও প্রতিবন্ধী ব্যাক্তির সংখ্যা ১০% হইতে ২০% বৃদ্ধি করে ক্রমান্বয়ে ৫ বছরে দ্বিগুণ করতে হবে । |
| ২। | "প্রতিবন্ধী (অটিস্টিক) শিশুদের সুস্বাস্থ্য, শিক্ষা, মর্যাদা ও নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিত করা হবে। প্রতিবন্ধী মানুষের শিক্ষা, কর্মসংস্থান, চলাফেরা, যোগাযোগ,চিকিৎসা সহজ করা এবং তাদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে ।" | প্রতিবন্ধী শিশুদের জীবননির্ভর বিভিন্ন কর্মসূচীসহ কর্মসংস্থান,যোগাযোগ এবং চিকিৎসা সহজিকরণের বিশেষ উদ্যোগ গ্রহণ করা হবে । |
| ৩। | "প্রবীণদের জন্য সম্ভাব্য ক্ষেত্রে আয় সৃষ্টিকারী কার্যক্রম গ্রহণ, প্রবীণদের বিষয়ে সামাজিক দায়বদ্ধতা ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পাঠ্য বই-এ আলাদা অধ্যায় সংযোজন, যানবাহন এবং আবাসিক স্থাপনাগুলোতে প্রবীণদের জন্য আসন/পরিসর নির্ধারণ,তৃণমূল পর্যায়ে প্রবীণদের জেরিয়াট্রিক স্বাস্থ্যসেবা সম্প্রসারণ এবং হাসপাতাল, বিমানবন্দর, বিভিন্ন স্থাপনা ও যানবাহনে উঠা-নামার ব্যবস্থা প্রবীণ-বান্ধব করে গড়ে তোলা হবে।" | সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় প্রবীণ ব্যাক্তির সংখ্যা বৃদ্ধিসহ প্রবীণদের সামাজিক মর্যাদা বৃদ্ধিতে বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ৪। | "দেশ থেকে ভিক্ষাবৃত্তি ও ভবঘুরেপনা সম্পূর্ণ উচ্ছেদ করা হবে। দারিদ্র্যসীমা ও চরম দারিদ্র্যের হার যথাক্রমে ১২.৩ ও ৫ শতাংশে নামিয়ে আনা হবে ।" | ভিক্ষাবৃত্তি নির্মূল সম্পর্কিত মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মসূচী জোরদার করা হবে । |
| ৫। | "আর্থিক খাতের লেনদেনকে ডিজিটাল করা হবে। " | বিভিন্ন ভাতা বিতরণ কর্মসূচীর ১০০% ভাতা G2P পদ্ধতিতে বিতরণ করা হবে । |

| | | |
|---|---|---|
| ৬। | সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত বর্তমান সরকারের প্রতিশ্রুতি/ অঙ্গীকার সমূহ সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে কমিটি গঠন। | অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যবস্থাপনা) কে আহবায়ক করে এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থার ১ জন করে প্রতিনিধি নিয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো।<br>সাইদা নাইম জাহান<br>(অতিরিক্ত সচিব-পরিকল্পনা, উন্নয়ন ও আইন) - আহবায়ক<br>আবেদা আক্তার (যুগ্মসচিব -কার্যক্রম) -সদস্য<br>সালেহিন তানভীর গাজী (উপসচিব-প্রশাসন ৪) -সদস্য<br>অধীনস্ত দপ্তর/সংস্থার একজন প্রতিনিধি -সদস্য<br>মোঃ মাসুদুল হক ভুঁইয়া (সিস্টেম এনালিস্ট) -সদস্য সচিব |

৪.পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: জিল্লার রহমান)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

নং ৪১.০০.০০০০.০২৭.০৫.০০১.১৭. ৭৯

তারিখ: ২৩ পৌষ ১৪২৫
০৮ জানুয়ারি ২০১৯

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (পরিকল্পনা, উন্নয়ন ও আইন), সমাজকল্যাণ মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৭. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর।
১০. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪. পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১৫. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**(পত্রটি মন্ত্রাণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**

অনুলিপি জ্ঞাতার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।